জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা।

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং-০২-২২৩৩৮৭১৬৮

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১৩৬৫/২৫

তারিখ: ২৯ অক্টোবর ২০২৫
১৩ কার্তিক ১৪৩২

সকল মহাব্যবস্থাপক/উপ মহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক(এমডি) এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/ সকল শাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়: ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফরম ও ফি ব্যাংকের যে কোন শাখায় জমাগ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

প্রধান কার্যালয়ের জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট কর্তৃক ভর্তি সংক্রান্ত বিষয়ে জারীকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নং-৬২৫/২০১৫ তারিখ ১৯/০৮/২০১৫ এর অন্যান্য নির্দেশনা অনুসরণসহ নিম্নোক্ত নির্দেশনা পরিপালনের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের কার্যক্রম ২৯ অক্টোবর ২০২৫ তারিখ হতে শুরু হয়ে ১৬ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত চলবে মর্মে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অত্র ব্যাংকের এমডি মহোদয় বরাবর প্রেরিত পত্রের মাধ্যমে অবহিত করেছে (কেন্দ্রীয় ভর্তি অফিসের পত্র নং কেভঅ/৬৪২-৬৪৬ তারিখঃ ২৭.১০.২০২৫)। এ ক্ষেত্রে ব্যাংক কর্তৃক নিম্নোক্ত কার্য সম্পাদন করতে হবে ঃ

(ক) ভর্তিচ্ছু প্রার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট http://admission.eis.du.ac.bd থেকে পে-ইন স্লিপ ডাউনলোড করে জনতা ব্যাংকের যে কোন শাখায় ভর্তির আবেদন ফি বাবদ নিম্নোক্ত হারে টাকা জমা দিবেন।

| ইউনিট | ভর্তির প্রাথমিক আবেদন ফি | অনলাইন সার্ভিস ফি | ব্যাংকের পেমেন্ট সার্ভিস চার্জ | নির্ধারিত মোট টাকা |
|---|---|---|---|---|
| কলা,আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট | ৯৬৭.০৪ | ৭০.০০ | ১২.৯৬ | ১০৫০.০০ |
| বিজ্ঞান ইউনিট | | | | |
| ব্যবসায় শিক্ষা ইউনিট | | | | |
| চারুকলা ইউনিট | ১১৬৪.৯৩ | ৭০.০০ | ১৫.০৭ | ১২৫০.০০ |
| আইবিএ | ১৩৮১.৪৮ | ১০০.০০ | ১৮.৫২ | ১৫০০.০০ |

(খ) ব্যাংকের চার্জ থেকে ভ্যাট কর্তন করতে হবে। জমা গ্রহণের সময় পে-ইন স্লিপের উভয় অংশে আবেদনকারীর একই ছবি আছে কি-না এবং স্বাক্ষর করেছে কি-না তা নিশ্চিত হয়ে ছবি দু'টিতে ব্যাংকের **"গোল সীল"** দিতে হবে। প্রত্যেকটি আবেদন পত্রের ব্যাংক কপির অপর পৃষ্ঠায় অবশ্যই শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বর লিখে রাখতে হবে।

(গ) ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য প্রধান কার্যালয়ের Online Banking Department এর Digital Banking Cell ফোন ০২-৯৫১৪৩৮০ ই-মেইল dbc@janatabank-bd.com এর সাথে যোগাযোগ করতে হবে।

(ঘ) বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসের করণীয়: বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসসমূহ তাদের আওতাধীন শাখাসমূহে সংগৃহীত তথ্য প্রধান কার্যালয়ের Online Banking Department এবং ফি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।

চলমান পাতা-২

বিষয়: ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফরম ও ফি ব্যাংকের যে কোন শাখায় জমাগ্রহণ প্রসঙ্গে।

(ঙ) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখার করণীয়: ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের কার্যক্রম শেষ হওয়ার পর সংশ্লিষ্ট শাখাসমূহ হতে আদায়কৃত অর্থ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় রক্ষিত টাকা জমার রশিদে উল্লিখিত হিসাব নম্বরে (০১০০০০৩৫৮৩৩৫৪) এ জমা করার ব্যবস্থা গ্রহণ করবে।

এমতাবস্থায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের কার্যক্রম ২৯ অক্টোবর ২০২৫ তারিখ হতে শুরু হয়ে ১৬ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত জমা গ্রহণসহ আবেদনকারীর তথ্য JB Online Solutions-এ Login করে এর আওতাধীন University Admission System এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে প্রেরণ করতে হবে এবং উক্ত তথ্য Online Banking Department হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্ভারে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

আপনার বিশ্বস্ত

২৯.১০.২০২৫
(আঞ্জুমান আরা)
উপমহাব্যবস্থাপক

২৯.১০.২৫
(মোঃ আব্দুল মতিন)
মহাব্যবস্থাপক